39

আজকের কাগজ

তারিখ 2 9 AUG 1996
পৃষ্ঠা ৬ কলাম ৭

# চ.বি'তে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষ

চট্টগ্রাম অফিস ঃ গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর মৃত্যুদিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা পণ্ড করাকে কেন্দ্র করে ছাত্রলীগের দু' গ্রুপের সংঘর্ষে প্রায় ৮ জন ছাত্রলীগ কর্মি আহত হয়েছে। তবে আলোচনা সভা যথারীতি অনুষ্ঠিত হয়। গতকাল সকাল ১০টায় 'আমরা ক'জন মুজিব সেনা' কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ২১তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষ্যে ডাকসু ভবনের একতলায় আলোচনা সভা চলাকালে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের একটি অংশ অনুষ্ঠান পণ্ড করার অপচেষ্টা চালায়। অনুষ্ঠান চলাকালে কয়েকজন ছাত্রলীগ নেতাকর্মিদের মধ্যে হাতাহাতি হয়। পরবর্তী সময়ে ১২ টার সময় এই ঘটনার সূত্র ধরে 'ছাত্রলীগের' উভয় গ্রুপের নেতাকর্মিদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে। এ সময় রেল স্টেশন চত্বরে ছাত্রলীগের একটি অংশ অনুষ্ঠান পণ্ডকারিদের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে হাতাহাতি শুরু হয়। এ ঘটনায় ৮ জন ছাত্রলীগ কর্মি আহত হয়। অনুষ্ঠান পণ্ডকারিরা পালিয়ে যায়। এ সময় স্টেশন চত্বরে যে কোনো বড়ো ধরনের সংঘর্ষের আশংকায় ছাত্র-ছাত্রিরা আতংকিত হয়ে পড়ে। এ ব্যাপারে 'আমরা ক'জন মুজিব সেনা' কমিটির নেতার সঙ্গে যোগাযোগ করা হলে তারা এই অপ্রীতিকর ঘটনার জন্যে একদল দুষ্কৃতিকারীকে দায়ী করেছে এবং এটা তাদের কোনো অন্তর্দলীয় সংঘর্ষ নয় বলে জানান। উল্লেখ্য, সম্প্রতি চ.বি.-তে আমরা ক'জন মুজিব সেনার ৪১ সদস্য কমিটি গঠিত হয়।